রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মে ১৮, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩/১২ মে ২০২৬

**নং ০৩.৪১.২৬৯০.০৭০.০৬.০১.২০২৬-৫৭**—বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার এবং সমন্বিত সেবা নিশ্চিতকল্পে আন্তঃমন্ত্রণালয় কার্যক্রম সমন্বয়ের মাধ্যমে মাঠ পর্যায়ে কার্যকর ও অর্ন্তভুক্তিমূলক সেবা পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের উদ্দেশ্যে সরকার নিম্নরূপভাবে “প্রতিবন্ধী অধিকার ও সেবা সুরক্ষা বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সমন্বয় ও বাস্তবায়ন কমিটি” গঠন করেছে :

**১.১। <u>কমিটির গঠন :</u>**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সহ-সভাপতি |
| (৩) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |
| (৯) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১০) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |
| (১২) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | : | সদস্য |
| (১৬) | অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| (১৭) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |

- 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন;
- কমিটি প্রয়োজনে কারিগরি সহযোগী, বাস্তবায়নকারী সংস্থা ও উন্নয়ন সহযোগীর প্রতিনিধিসহ অতিরিক্ত সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.২। **কমিটির কার্যপরিধি:**

(ক) প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা এবং সেবা নিশ্চিত করার লক্ষ্যে গঠিত স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রদত্ত কৌশলগত নির্দেশনাকে সমন্বিত ও সময়াবদ্ধ বাস্তবায়ন পরিকল্পনায় রূপান্তর;

(খ) প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা এবং সেবা নিশ্চিত করার জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রণালয়সমূহের মধ্যে দায়িত্বের স্পষ্টতা ও প্রাতিষ্ঠানিক সমন্বয় নিশ্চিতকরণ;

(গ) উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্বাস্থ্য, শিক্ষা, পুনর্বাসন ও সামাজিক সুরক্ষা সেবার কার্যকর সমন্বয় নিশ্চিতকরণ ও তদারকি;

(ঘ) গৃহীত কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণ, প্রবিন্ধকতা চিহ্নিতপূর্বক নিরসন এবং প্রয়োজনে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন;

(ঙ) ঔষধ, সহায়ক যন্ত্রপাতি ও মানবসম্পদসহ সকল সম্পদের সমন্বিত বরাদ্দ ও বিতরণ নিশ্চিত এবং সহজতরকরণ;

(চ) জেলা কমিটি ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান ও কার্যক্রম তদারকি; এবং

(ছ) কমিটির সভা প্রতি দুই মাসে ন্যূনতম একবার অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাবিবুল হাসান**
পরিচালক-৩ (প্রতিকল্প)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd